| English | Bengali<br>বাংলা |
|---|---|
| **Consent – it's your decision**<br><br>**How you should be involved in decisions about your health care and treatment** | **সম্মতি–সম্মতি দেওয়ার ব্যাপারে সিদ্ধান্ত নেবেন আপনিই**<br><br>আপনার স্বাস্থ্যসেবা ও চিকিৎসার ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার সময় আপনার যেভাবে শরীক থাকা প্রয়োজন |
| **Who is this leaflet for?**<br><br>• This leaflet is for people of all ages.<br><br>• There is also a version of this leaflet for young people under 16, called **Consent – your rights**. You can get a copy from anywhere you receive NHS care, or on the internet (www.hris.org.uk). | **এই প্রচারপত্রটি কাদের জন্য?**<br><br>• এই প্রচারপত্রটি সব বয়সের লোকদের জন্য।<br><br>• এই প্রচারপত্রের একটি সংস্করণও রয়েছে 16 বৎসরের নীচের অল্পবয়স্ক ব্যক্তিদের জন্য, যার নাম হলো **সম্মতি–আপনার অধিকার**। NHS পরিচর্যা পাওয়া যায় এমন যেকোন স্থানে বা ইন্টারনেটে (www.hris.org.uk)-তে আপনি এটির প্রতিলিপি পেতে পারেন। |
| **What is this leaflet about?**<br><br>It tells you about your right to make decisions about your health care and treatment. Normally, you can accept or refuse any treatment, examinations or tests, and you can decide whether to take part in research. | **এই প্রচারপত্রটির বিষয় কি ?**<br><br>এটি আপনার স্বাস্থ্য পরিচর্যা এবং চিকিৎসা সম্বন্ধে সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে আপনার কি কি অধিকার আছে সে সম্পর্কে জানায়। সাধারণত, আপনি যেকোন চিকিৎসা, পরীক্ষা বা টেস্টে অংশগ্রহণেসম্মত হতে পারেন বা প্রত্যাখ্যান করতে পারেন, এবং আপনি গবেষণাতে অংশগ্রহণ করবেন কি না সে বিষয়ে সিদ্ধান্তও নিতে পারেন। |
| **What does consent mean?**<br><br>It means agreement. Before a doctor, nurse or any other health professional can examine or treat you, they must have your | **সম্মত বা কনসেন্টের অর্থ কি?**<br><br>এর অর্থ হলো চুক্তি। কোন ডাক্তার, নার্স বা অন্য কোন স্বাস্থ্য পেশাদারকে আপনার কোন পরীক্ষা বা চিকিৎসা করার আগে, তাদের অবশ্যই আপনার |

| | |
|---|---|
| consent. | সম্মতি বা কনসেন্ট নেওয়ার প্রয়োজন আছে। |
| **Who can give consent?**<br><br>You can give consent if you can make decisions for yourself.<br><br>• Being able to make decisions means you can understand what is involved and can think clearly about the advantages and disadvantages of different actions.<br><br>• You must be given enough information, and you should be allowed to make up your own mind without pressure from other people.<br><br>• If you want someone to help you express your views, you can ask a friend, a relative, a partner or carer, another member of staff, or an independent representative (often called an 'advocate'). An advocate is independent of the NHS. They can help make sure your views are heard and get you access to the information you need to make your own decisions. You can ask a member of staff involved in your care about advocacy services in your area. | **কে সম্মতি দিতে পারবে?**<br><br>আপনি সম্মতি দিতে পারেন যদি আপনি নিজের জন্য সিদ্ধান্ত নিতে পারেন।<br><br>• সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে যোগ্য হওয়ার মানে হলো যে, এতে কি কি বিষয় জড়িত আছে সে বিষয়ে আপনি বুঝতে পেরেছেন এবং বিভিন্ন কার্যকলাপের সুবিধা এবং অসুবিধা সম্বন্ধে আপনি পরিষ্কার ভাবে চিন্তা করতে পারেন।<br><br>• আপনাকে যথেষ্ট পরিমাণে তথ্য প্রদান করা হবে, এবং কোন চাপ ছাড়া আপনাকে মনস্থির করার জন্য সময় দেওয়া হবে।<br><br>• আপনার মতামত প্রকাশ করার জন্য যদি আপনার কারো সাহায্যের প্রয়োজন হয়, তাহলে আপনি কোন বন্ধু, আত্মীয়, সঙ্গী বা পরিচর্যাকারী, অন্য কোন কর্মী সদস্য, অথবা একজন স্বতন্ত্র প্রতিনিধিকে (সচরাচর যাদেরকে একজন এ্যাডভোকেট' বলা হয়) জিজ্ঞাসা করতে পারেন।এ্যাডভোকেট হলেন NHS থেকে স্বতন্ত্র একজন ব্যক্তি। আপনার মতামতগুলি যাতে শোনা হয় সেটি এবং আপনার নিজের সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্যগুলি সরবরাহ নিশ্চিত করতে তারা আপনাকে সাহায্য করবেন। আপনার পরিচর্যাতে জড়িত একজন কর্মী সদস্যকে আপনি আপনার এলাকার এ্যাডভোক্যাসি সার্ভিস সম্বন্ধে জিজ্ঞাসা করতে পারেন। |
| **What if I can't give consent?**<br><br>You can give consent only if you can understand the information you are given, make a decision, remember your decision and tell other people your decision. If you can't do all these things, it is called 'incapacity'.<br><br>• If your incapacity is because of intoxication from drugs or alcohol, a health professional may be able to treat you without consent, if this is in your best interests.<br><br>• If your incapacity is because of a mental disorder such as a learning disability or dementia, someone else may be | **আমি যদি সম্মতি দিতে না পারি তাহলে কি হবে?**<br><br>আপনি শুধুমাত্র তখনই সম্মতি জানাতে পারবেন যদি আপনাকে দেওয়া তথ্যগুলি আপনি বুঝতে পারেন, সিদ্ধান্ত নিতে পারেন, আপনার সিদ্ধান্ত মনে রাখতে পারেন এবং অন্যদের আপনার সিদ্ধান্ত সম্বন্ধে বলতে পারেন। আপনি যদি এগুলি করতে না পারেন, তাহলে এটাকে 'অক্ষমতা'বলা হবে।<br><br>• যদি আপনার অক্ষমতা ওষুধ বা অ্যালকোহল থেকে ইনটোক্সিকেশন বা নেশা হওয়ার কারণে হয়ে থাকে, তাহলে সম্মতি ছাড়াই একজন স্বাস্থ্য পেশাদার আপনার চিকিৎসা করতে পারবেন, যদি এটি আপনার সর্বোত্তম স্বার্থে হয়ে থাকে। |

| | |
|---|---|
| able to give consent for you. | • যদি আপনার অক্ষমতা মানসিক সমস্যা যেমন শেখার অসুবিধা বা ডিমেনশিয়ার জন্য হয়, তাহলে আপনার হয়ে অন্য কেউ সম্মতি দিতে পারবেন। |
| **If you are an adult**<br>Someone can give consent for you if:<br>• you have given them welfare power of attorney with the power to consent to treatment, or<br>• a court has given them a welfare guardianship order with the power to consent to treatment, or<br>• a court has given them a welfare intervention order specifically for the treatment, and the treatment is needed only for a short time.<br>Doctors can also treat you if there is no-one who can give consent on your behalf, and the treatment will benefit you.<br>You should always be given information in a way that you understand and you should always be given help to communicate.<br>For more information, see the leaflet **Caring and consent.** See page 14 for where to get a copy.<br>See page 11 for where to get more information about the rights of adults with incapacity.<br>**If you are under 16**<br>• Someone with parental responsibility can give consent for you if you can't give it yourself.<br>See page 13 for where to get more information about the rights of young people under 16. | **আপনি যদি প্রাপ্তঃবয়স্ক হন**<br>অন্য কেউ আপনার হয়ে সম্মতি দিতে পারবেন যদিঃ<br>• আপনি তাদেরকে চিকিৎসা সম্মতির ক্ষমতা সহ ওয়েলফেয়ার পাওয়ার অফ অ্যাটর্নি দিয়ে থাকেন, অথবা<br>• আদালত যদি তাদেরকে চিকিৎসা সম্মতির ক্ষমতা সহ কল্যাণমূলক অভিভাবকত্বের আদেশ দিয়ে থাকে, অথবা<br>• আদালত যদি তাদেরকে কল্যাণমূলক হস্তক্ষেপের আদেশ দিয়ে থাকে বিশেষ করে চিকিৎসার জন্য, এবং শুধুমাত্র কম সময়ের জন্য চিকিৎসার প্রয়োজন হয়।<br>এছাড়াও ডাক্তার আপনার চিকিৎসা করতে পারেন যদি দেখা যায় যে, আপনার পক্ষের হয়ে সম্মতি দেওয়ার কেউ নেই, এবং চিকিৎসার ফলে আপনি লাভবান হবেন।<br>আপনাকে সবসময় এমন ভাবে তথ্যগুলি দেওয়া হবে যাতে আপনি বুঝতে পারেন এবং সবসময় যোগাযোগের ক্ষেত্রে আপনাকে সাহায্য প্রদান করা হবে।<br>আরও বেশি তথ্যের জন্য, **পরিচর্যা এবং সম্মতি** প্রচারপত্রটি দেখুন। কোথা থেকে একটি কপি পাওয়া যাবে এর জন্য 14 নং পাতা দেখুন।<br>অক্ষমতা থাকা প্রাপ্তঃবয়স্কদের অধিকার সম্বন্ধে আরও বেশি তথ্য কোথায় পাওয়া যাবে এর জন্য পৃষ্ঠা নং 11 দেখুন।<br>**আপনার বয়স যদি 16 বৎসরের কম হয়**<br>• আপনার নিজের সম্মতি আপনি নিজে দিতে না পারলে অভিভাবকত্বের দায়িত্বে থাকা কেউ আপনার জন্য সম্মতি দিতে পারেন।<br>16 বৎসরের কম বয়সের যুবকদের অধিকার সম্বন্ধে আরও বেশি তথ্য কোথায় পাওয়া যাবে এর জন্য 13 নং পাতা দেখুন। |

| | |
|---|---|
| **What happens in an emergency?**<br><br>• In an emergency – for example, if you've been in a road accident and you need urgent treatment to save your life – you may not be well enough to make a decision about your treatment.<br><br>• If you can't give your consent and there is no time for anyone else to make a decision for you, doctors can treat you. But they can only treat you without your consent if this is necessary to save your life or stop you suffering more serious harm. | **আপৎকালীন পরিস্থিতিতে কি হবে?**<br><br>• আপৎকালীন পরিস্থিতিতে- উদাহরণস্বরূপ, আপনার যদি সড়ক দুর্ঘটনা হয় এবং আপনার জীবন বাঁচানোর জন্য জরুরী চিকিৎসার প্রয়োজন হয়- সেক্ষেত্রে আপনার চিকিৎসা সম্বন্ধে সিদ্ধান্ত নেওয়ার জন্য আপনি যোগ্য নাও থাকতে পারেন।<br><br>• আপনি যদি আপনার সম্মতি না দিতে পারেন এবং অন্য কেউ আপনার হয়ে সিদ্ধান্ত নেবে সেই সময়ও না থাকে তাহলে সেক্ষেত্রে ডাক্তার আপনার চিকিৎসা করতে পারবেন। কিন্তু তারা শুধুমাত্র তখনই আপনার সম্মতি ছাড়া চিকিৎসা করতে পারবেন যদি আপনার জীবন বাঁচানোর জন্য বা আপনাকে আরও ক্ষতি হওয়া থেকে রক্ষা করার জন্য এটা প্রয়োজনীয় হয়। |
| **How will I be asked to give my consent?**<br><br>• A doctor or another health professional may ask you to do something to show your consent. For example, a doctor may ask to examine your foot. If you take off your shoe, it shows you agree to this.<br><br>• Usually you will be asked to say whether you agree to the examination or treatment.<br><br>• If the examination or treatment is complicated, for example an operation, you may be asked to sign a form showing you agree to it. | **কিভাবে আমাকে সম্মতি দেওয়ার জন্য বলা হবে?**<br><br>• একজন ডাক্তার বা অন্য স্বাস্থ্য পেশাদার আপনার সম্মতি দেখানোর জন্য আপনাকে কিছু করতে বলবেন। উদাহরণস্বরূপ, ডাক্তার আপনার পা পরীক্ষা করার জন্য বলতে পারেন। আপনি যদি আপনার জুতো খুলে নিন, তাহলে বোঝা যাবে যে আপনি এতে রাজী আছেন।<br><br>• সাধারণত আপনাকে জিজ্ঞাসা করা হবে, এটা বলার জন্য যে আপনি কি পরীক্ষা বা চিকিৎসাতে রাজী আছেন।<br><br>• যদি পরীক্ষা বা চিকিৎসাটি জটিল হয়, যেমন সেটি যদি অপারেশন হয়, তাহলে আপনাকে একটি ফর্মে সই করতে বলা হবে যাতে লিখা থাকবে আপনি এতে রাজী আছেন কি না। |
| **What information should I be given?**<br><br>• To help you make a decision, NHS staff involved in your care must give you information about the examination or treatment you are being offered in a way that you understand. You may want to know:<br>    ▪ why you are being offered the examination or treatment<br>    ▪ what it will involve | **আমাকে কি তথ্য দেওয়া হবে?**<br><br>• সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে আপনাকে সাহায্য করার জন্য, আপনার পরিচর্যার সঙ্গে জড়িত NHS কর্মীরা আপনার কি পরীক্ষা বা চিকিৎসা করা হবে সে সম্বন্ধে অবশ্যই তথ্য প্রদান করবেন আপনি বুঝতে পারেন এমন উপায়েঃ<br>    ▪ কেন আপনাকে এই পরীক্ষা বা চিকিৎসার জন্য বলা হচ্ছে<br>    ▪ এতে কি করা হবে |

- what the benefits are
- whether there are any risks or side effects
- how large or small the risks are
- whether there are any alternatives
- what may happen if you don't have the examination or treatment
- whether you will have to pay (for example for dental treatment), and
- the name of the doctor who is responsible for your care.

- You have the right to ask questions if you don't understand or you want to know more. If the person who is asking you to give consent can't answer your questions, ask them if they can find out or get someone else who can help. If you think you need it, you can ask for a second opinion.
- If you need an interpreter, ask a member of staff to arrange this for you in advance. When you make an appointment, tell them which language you prefer.
- If you wish, someone can be with you when you are told about the examination or treatment. This could be a friend, a relative, a partner or carer, another member of staff, or an independent advocate.
- You may find it difficult to fully understand what you've been told about an examination or treatment. If you would like to take away written information to help you make a decision, you should say so.
- Staff will give you all the information you need in a way that you can understand and meets your needs (for example in audio format, British Sign Language, or a language other than English).

- এর লাভগুলি কি কি
- এগুলির ক্ষেত্রে কোন ঝুঁকি বা পার্শ্ব প্রতিক্রিয়া আছে কি না
- ঝুঁকিগুলি কত বড় বা ছোট মাপের
- এর কোন বিকল্প আছে কি না
- আপনি যদি পরীক্ষা বা চিকিৎসা না করান তাহলে কি হতে পারে
- আপনাকে কি খরচ দিতে হবে (উদাহরণ স্বরূপ দাঁতের চিকিৎসা), এবং
- আপনার পরিচর্যার জন্য দায়িত্বে থাকা ডাক্তারের নাম।

- আপনি যদি বুঝতে না পারেন বা আপনি আরও বেশি জানতে চান তাহলে প্রশ্ন করার অধিকার আপনার আছে। যদি দেখা যায় যে ব্যক্তি আপনাকে সম্মতি দেওয়ার কথা বলছেন তিনি আপনার প্রশ্নগুলির উত্তর দিতে পারছেন না, তাহলে তাদেরকে জিজ্ঞাসা করুন তারা কি অন্য কাউকে খুঁজতে পারবেন বা তাদের মধ্যে কি অন্য কেউ আছেন যিনি আপনাকে সাহায্য করতে পারবেন। আপনার যদি প্রয়োজন মনে হয় তাহলে দ্বিতীয় মতামতের জন্যও আপনি জিজ্ঞাসা করতে পারেন।
- আপনার যদি একজন দোভাষীর প্রয়োজন হয়, তাহলে একজন সদস্য বা কর্মীকে বলুন আপনার জন্য সেটি অগ্রিম ব্যবস্থা করে রাখার। আপনি অ্যাপয়েন্টমেন্ট নেওয়ার সময় তাদেরকে আপনার পছন্দের ভাষাটি জানান।
- আপনি যদি চান, আপনাকে পরীক্ষা বা চিকিৎসার কথা বলার সময় আপনার সঙ্গে কেউ থাকতে পারেন। সেই ব্যক্তি আপনার কোন বন্ধু, আত্মীয়, সঙ্গী বা পরিচর্যাকারী, অন্য কর্মী সদস্য, বা একজন স্বতন্ত্র এ্যাডভোকেটও হতে পারেন।
- আপনাকে পরীক্ষা বা চিকিৎসা সম্বন্ধে যা কিছু বলা হবে তা হয়তো আপনি সম্পূর্ণ বুঝতে পারবেন না। আপনি যদি সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে সাহায্যের জন্য লিখিত তথ্য পেতে চান, আপনি তাও বলতে পারেন।
- কর্মীরা আপনার প্রয়োজনীয় সব তথ্যগুলি এমন ভাবে আপনাকে দেবেন যাতে আপনি বুঝতে পারেন এবং আপনার প্রয়োজনীয়তাগুলি পূর্ণ হয়। (উদাহরণ স্বরূপ, অডিও ফরম্যাট, ব্রিটিশ সাইন ভাষা, অথবা ইংরেজি

| | |
|---|---|
| | ছাড়া অন্য কোন ভাষা)। |
| **How long can I take to decide?**<br><br>In emergencies, decisions will have to be made quickly. In other cases you may be able to take more time. It is important that you are given enough time to make your decision so you don't feel rushed. If you want time to think about your decision, you should say so. | **সিদ্ধান্ত নেওয়ার জন্য আমি কত সময় নিয়ে পারি?**<br><br>আপৎকালীন পরিস্থিতিতে খুব তাড়াতাড়ি সিদ্ধান্ত নিতে হয়। অন্যান্য পরিস্থিতিতে আপনি সিদ্ধান্ত নেওয়ার জন্য বেশি সময় নিতে পারেন। সিদ্ধান্ত নেওয়ার জন্য আপনাকে যথেষ্ট সময় দেওয়াটা গুরুত্বপূর্ণ যাতে আপনার তাড়াহুড়ো না করতে হয়। আপনার যদি সিদ্ধান্ত নিয়ে ভাবনা চিন্তা করতে সময়ের প্রয়োজন হয় তাহলে আপনি তা বলতে পারেন। |
| **What if I change my mind?**<br><br>You can change your mind about giving your consent to an examination or treatment at any time. You should tell one of the people looking after you. | **যদি আমার মন পরিবর্তন হয় তাহলে কি হবে?**<br><br>যেকোন সময়ে আপনি পরীক্ষা বা চিকিৎসার জন্য আপনার সম্মতি দেওয়ার ব্যাপারে মন পরিবর্তন করতে পারেন। আপনার প্রযত্নে থাকা যেকোন একজন ব্যক্তিকে আপনার তা বলা উচিত। |
| **Can I refuse examination and treatment?**<br><br>• Normally you can refuse an examination or treatment at any time, even if this means your health, or the health of your unborn baby, may be seriously harmed.<br><br>• It is important that you understand what may happen to you if you decide not to have the examination or treatment.<br><br>• If another treatment can be used instead, you should be given information about it. But you can't insist on a particular treatment if the NHS staff involved in your care don't think it will help you.<br><br>• Remember that you can ask for a second opinion about the treatment you have been offered. | **আমি কি পরীক্ষা বা চিকিৎসা প্রত্যাখ্যান করতে পারি?**<br><br>• সাধারণত আপনি যেকোন সময়ে পরীক্ষা বা চিকিৎসা প্রত্যাখ্যান করতে পারেন, এমনকি আপনার স্বাস্থ্য, বা আপনার অনাগত সন্তানের স্বাস্থ্য গুরুতর ভাবে ক্ষতিগ্রস্ত হলেও।<br><br>• আপনি পরীক্ষা বা চিকিৎসা না করানোর সিদ্ধান্ত নিলে আপনার কি হতে পারে এটা বোঝা আপনার জন্য গুরুত্বপূর্ণ।<br><br>• যদি অন্য কোন চিকিৎসা পদ্ধতি ব্যবহার করা যায়, তাহলে সে সম্বন্ধে আপনাকে তথ্য দেওয়া হবে। কিন্তু আপনি নির্দিষ্ট কোন চিকিৎসার জন্য পীড়াপীড়ি করতে পারবেন না যদি আপনার পরিচর্যায় থাকা NHS কর্মীদের মতানুযায়ী এটা আপনার জন্য সাহায্যকারী না হয়।<br><br>• মনে রাখবেন যে আপনাকে প্রদান করা চিকিৎসা সম্বন্ধে আপনি আরো একটি দ্বিতীয় মতামতের জন্য জিজ্ঞাসা করতে পারেন। |
| **Information for young people under 16**<br><br>If you are under 16, and the health care professional looking after you believes you can make decisions for yourself, you | **16 বৎসরের কম বয়সী তরুনদের জন্য তথ্যাবলী**<br><br>আপনার বয়স যদি 16 বৎসরের কম হয়, এবং আপনার পরিচর্যায় থাকা স্বাস্থ্য পেশাদারদের মনে হয় যে আপনি নিজের জন্য সিদ্ধান্ত নিতে পারবেন, |

| | |
|---|---|
| can refuse examination or treatment.<br><br>However:<br><br>• the person providing your care may ask why you don’t want it. They need to know they have given you enough information for you to make your decision<br><br>• in very unusual cases, if you have refused treatment and you have a very serious condition, your parent or the person who looks after you may disagree with you and want to discuss your case with a lawyer. You could also have your own lawyer to help you with this.<br><br>For more information contact the Scottish Child Law Centre (see page 10)<br><br>For where to find information about consent for young people under 16, see page 10. | তাহলে আপনি পরীক্ষা বা চিকিৎসা প্রত্যাখ্যান করতে পারেন।<br><br>উপরন্তু:<br><br>• আপনার দেখাশোনার দায়িত্বে থাকা ব্যক্তি হয়তো জিজ্ঞাসা করতে পারেন কেন আপনি তা চান না। তাদের জানা দরকার যে সিদ্ধান্ত নেওয়ার জন্য তারা আপনাকে যথেষ্ট তথ্য প্রদান করেছেন।<br><br>• খুব অস্বাভাবিক পরিস্থিতিতে, আপনি যদি চিকিৎসা করাতে অস্বীকার করেন এবং আপনার অবস্থা গুরুতর হয়, তাহলে আপনার মাতা-পিতা বা আপনার দেখাশোনার দায়িত্বে থাকা ব্যক্তি হয়তো আপনার সঙ্গে একমত নাও হতে পারেন এবং আপনার বিষয়টি সম্বন্ধে একজন উকিলের পরামর্শ নিতে পারেন। এই বিষয়ে সাহায্যের জন্য আপনি নিজেও একজন উকিল রাখতে পারেন।<br><br>আরও বেশি তথ্যের জন্য স্কটিশ শিশু আইন সেন্টারের সঙ্গে যোগাযোগ করুন (পৃষ্ঠা 10 দেখুন)<br><br>16 বৎসরের কম বয়সী যুবকদের জন্য সম্মতি সম্বন্ধে তথ্য কোথায় পাওয়া যাবে এর জন্য পৃষ্ঠা 10 দেখুন। |
| **What if I have a mental illness or disorder?**<br><br>• In most cases, if you have a mental health problem, you have the same right to accept or refuse an examination or treatment as anyone else.<br><br>• But if you are being cared for under the Mental Health Act, you can be examined and treated for your mental illness or disorder without your consent. This will happen only if:<br>▪ it is in your best interests, and<br>▪ there would be a significant risk to yourself or others if you didn’t have the treatment.<br><br>There are guidelines for certain treatments. Your doctor may need to get a second opinion from another doctor before giving you a particular treatment.<br><br>• The Scottish Government Health Directorates have | **আমার যদি কোন মানসিক রোগ বা অসুবিধা থাকে তাহলে কি হবে?**<br><br>• আপনার যদি মানসিক স্বাস্থ্যজনিত সমস্যা থাকে, তাহলে অধিকাংশ ক্ষেত্রে অন্যদের মতো আপনারও অধিকার আছে কোন পরীক্ষা বা চিকিৎসা গ্রহণ করা বা অস্বীকার করার।<br><br>• কিন্তু আপনার যদি মানসিক স্বাস্থ্য আইনের অধীনে চিকিৎসা চালু থাকে, তাহলে আপনার সম্মতি ছাড়াই আপনার মানসিক রোগ বা অসুবিধার জন্য পরীক্ষা ও চিকিৎসা করা যাবে। এরকম শুধুমাত্র তখনই হবে যদিঃ<br>▪ এটি আপনার সর্বোত্তম স্বার্থে হয়, এবং<br>▪ দেখা যায় যে আপনার চিকিৎসা না হলে এর জন্য আপনার বা অন্যদের উল্লেখযোগ্য ভাবে ক্ষতি হওয়ার সম্ভাবনা আছে।<br><br>নির্দিষ্ট কিছু চিকিৎসার জন্য নির্দেশাবলী রয়েছে। আপনাকে বিশেষ কোন চিকিৎসা করানোর আগে আপনার ডাক্তারকে হয়তো অন্য ডাক্তারের কাছ থেকে দ্বিতীয় মতামত নিতে হতে পারেন। |

| | |
|---|---|
| produced a series of guides for people with a mental disorder and their carers. See page 12 for where to get copies of these.<br><br>For more information about the rights of people with mental illnesses or disorders, see page 11. | • স্কটিশ সরকার স্বাস্থ্য নির্দেশালয় মানসিক রোগ থাকা ব্যক্তি এবং তাদের পরিচর্যাকারীদের জন্য অনেকগুলো নির্দেশিকা প্রকাশ করেছে। এগুলির প্রতিলিপি কোথায় পাওয়া যাবে এর জন্য পৃষ্ঠা 12 দেখুন।<br><br>মানসিক রোগ বা অসুবিধা থাকা লোকদের অধিকার সম্বন্ধে আরও বেশি তথ্যের জন্য, পৃষ্ঠা 11 দেখুন। |
| **What if I'm asked to take part in teaching?**<br><br>• NHS staff involved in your care should always ask if you prefer not to have a student present while you are examined or treated. You have a right to refuse, and the standard of care you receive won't be affected.<br><br>• Staff must ask you to give your consent before they take any photographs or make any video or sound recordings of your examination or treatment for teaching purposes. Wherever possible, they will remove information that identifies you before using the recordings. Where this isn't possible, they must tell you before you make your decision.<br><br>• If you agree to photos being taken or recordings being made for teaching purposes, you can change your mind later. If you withdraw your consent, the photos or recordings will not be used and will be destroyed as soon as possible. | **আমাকে যদি শিক্ষাপ্রদান কর্মকাণ্ডে অংশগ্রহণ করতে বলা হয় তাহলে কি হবে?**<br><br>• আপনার পরিচর্যায় জড়িত NHS কর্মীরা সবসময় জানতে চাইবেন, আপনি কি পরীক্ষা বা চিকিৎসার সময় কোন ছাত্র উপস্থিত না থাকাটা পছন্দ করবেন কিনা। আপনার অস্বীকার করার অধিকার আছে, এবং তাতে আপনার পরিচর্যা ক্ষতিগ্রস্ত হবে না।<br><br>• শিক্ষার উদ্দেশ্যে আপনার পরীক্ষা বা চিকিৎসার জন্য কোন ছবি নেওয়া বা কোন ভিডিও বা সাউন্ড রেকর্ডিং করার আগে কর্মীরা অবশ্যই আপনাকে সম্মতি দেওয়ার কথা বলবেন। রেকর্ডিংগুলা ব্যবহার করার আগে যেখানে সম্ভব হবে আপনাকে সনাক্ত করা যায় এমন তথ্য তারা সরিয়ে নেবেন। যেখানে এটা সম্ভব নয়, সিদ্ধান্ত নেওয়ার আগে তারা অবশ্যই আপনাকে বলে দেবেন।<br><br>• আপনি যদি শিক্ষার উদ্দেশ্যে ছবি নেওয়া বা রেকর্ডিং করার জন্য রাজী হন তাহলে পরে আপনি মত পাল্টাতেও পারেন। আপনি যদি আপনার সম্মতি প্রত্যাহার করেন, তাহলে ছবি বা রেকর্ডিংগুলি ব্যবহার করা হবে না, এবং যত শীঘ্র সম্ভব এগুলি নষ্ট করে দেওয়া হবে। |
| **What if I'm asked to take part in research?**<br><br>• If you can make your own decisions, it's up to you to decide whether you want to take part in research.<br><br>• Before you decide, you should be given as much information about the research as you need, and you can ask as many questions as you wish.<br><br>• You will usually be given written information about the research to take home. You can use this to discuss the research with your family and friends if you want to. You should never be put under any pressure to agree to take | **আমাকে যদি গবেষণাতে অংশগ্রহণ করতে বলা হয় তাহলে কি হবে?**<br><br>• আপনি যদি নিজে সিদ্ধান্ত নিতে পারেন, তাহলে গবেষণাতে অংশগ্রহণ করবেন কি না এই সিদ্ধান্ত নেওয়াটা আপনার ওপর নির্ভর করবে।<br><br>• আপনি সিদ্ধান্ত নেওয়ার আগে, গবেষণা সম্পর্কে আপনার যত বেশি তথ্যের প্রয়োজন হবে আপনাকে তা দেওয়া হবে, এবং আপনিও যত ইচ্ছা প্রশ্ন করতে পারবেন।<br><br>• সাধারণত আপনাকে গবেষণা সম্পর্কে লিখিত তথ্য দেওয়া হবে বাড়ীতে নিয়ে যাওয়ার জন্য। আপনি চাইলে গবেষণা সম্পর্কে আপনার পরিবারের লোকজন এবং বন্ধুদের সঙ্গে আলোচনা করার সময় এটি ব্যবহার করতে |

| | |
|---|---|
| part.<br>• If you do want to take part in research, the staff should ask you to sign a form showing that you give your consent. They may give you a copy of this form to keep, and will also keep a copy in your health records.<br>• You can change your mind at any time about taking part in research, without giving a reason.<br>• If you decide not to take part in the research, the standard of care you receive will not be affected. | পারেন। অংশগ্রহণ করতে রাজী করানোর জন্য আপনাকে কোন সময়ই চাপ দেওয়া হবে না।<br>• আপনি যদি গবেষণাতে অংশগ্রহণ করতে চান, তাহলে কর্মীরা আপনাকে একটি ফর্মে সই করতে বলবেন যাতে লেখা থাকবে যে আপনি সম্মতি দিয়েছেন। তারা হয়তো আপনাকে এই ফর্মের একটি প্রতিলিপি দেবেন রাখার জন্য, এবং একটি প্রতিলিপি আপনার স্বাস্থ্য রেকর্ডে রাখবেন।<br>• গবেষণাতে অংশগ্রহণ করা সম্বন্ধে আপনি যেকোন সময় কোন কারণ না জানিয়ে আপনার মত পাল্টাতে পারেন।<br>• আপনি যদি গবেষণাতে অংশগ্রহণ না করার সিদ্ধান্ত নেন, এতে আপনার পরিচর্যা মানদণ্ড ক্ষতিগ্রস্ত হবে না। |
| **Consent for using personal health information**<br>The NHS must keep your personal health information confidential. You should be involved in decisions about how your personal health information is used.<br><br>For more information about using your personal health information, see the factsheet. Confidentiality: how the NHS protects your personal health information See page 13 for where to get a copy of this factsheet.<br>**What if I'm not happy?**<br>If you are unhappy about how you have been involved in decisions about your health care, first talk to a member of NHS staff involved in your care. If you are still unhappy, you can make a formal complaint.<br><br>For more information about making a complaint, see the factsheet **Feedback and complaints: the right to have a say about your care and have any concerns and complaints dealt with.** See page 13 for where to get a copy of this factsheet. | **ব্যক্তিগত স্বাস্থ্য সংক্রান্ত তথ্য ব্যবহারের সম্মতি**<br>NHS অবশ্যই আপনার ব্যক্তিগত স্বাস্থ্য সংক্রান্ত তথ্য গোপনীয় রাখবে। কিভাবে আপনার ব্যক্তিগত স্বাস্থ্য সংক্রান্ত তথ্য ব্যবহার করা হবে এবিষয়ে সিদ্ধান্ত নিতে আপনাকে জড়িত করা হবে।<br><br>আপনার ব্যক্তিগত স্বাস্থ্য সংক্রান্ত তথ্য ব্যবহার করা সম্বন্ধে আরও বেশি তথ্যের জন্য, **গোপনীয়তাঃ NHS একীভাবে আপনার স্বাস্থ্য সংক্রান্ত ব্যক্তিগত তথ্যকে সুরক্ষিত রাখে** তথ্যপত্রটি দেখুন। এই তথ্যপত্রের প্রতিলিপি কোথায় পাওয়া যাবে এর জন্য পৃষ্ঠা 13 দেখুন।<br>**আমি যদি সন্তুষ্ট না হই তাহলে কি হবে?**<br>আপনার স্বাস্থ্য পরিচর্যা সম্বন্ধে সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে আপনাকে কিভাবে জড়িত করা হয়েছে এতে আপনি যদি সন্তুষ্ট না থাকেন, তাহলে প্রথমে আপনার পরিচর্যায় থাকা একজন NHS কর্মীসদস্যকে বলুন। এরপরেও যদি আপনি সন্তুষ্ট না হোন তাহলে আপনি যথারীতি অভিযোগ দায়ের করতে পারেন।<br>অভিযোগ করা সম্বন্ধে আরও বেশি তথ্যের জন্য, **ফিডব্যাক ও অভিযোগঃ আপনার সেবাকে প্রভাবিত করার জন্য মতামত দেওয়া এবং যে কোনও উদ্বেগ বা অভিযোগের সুরাহা করার অধিকার** সম্পর্কীয় তথ্যপত্রটি দেখুন। এই তথ্যপত্রের প্রতিলিপি কোথায় পাওয়া যাবে এর জন্য পৃষ্ঠা 13 দেখুন |

## How to find out more

- For more information about anything in this leaflet, contact:
  - a member of NHS staff involved in your care
  - the NHS inform Helpline on **0800 22 44 88** (textphone 18001 0800 22 44 88; the helpline also provides an interpreting service), or
  - the Patient Advice & Support Service (PASS) at your local citizens advice bureau (find your nearest bureau on the website at **www.cas.org.uk** or in your local phone book). PASS is independent and provides free, confidential information, advice and support to anyone who uses the NHS in Scotland.

- For more information about how the law affects children and young people, contact:

  **The Scottish Child Law Centre**

  54 East Crosscauseway

  Edinburgh EH8 9HD

  Information helpline **0131 667 6333**

  Freephone number for people under 18 **0800 328 8970**

  Free text enquiry service: text 'SCLC' followed by your question to **80800** (replies will be sent to your mobile)

  Email **enquiries@sclc.org.uk**

  Website **www.sclc.org.uk**

- If you can't make decisions for yourself or can't tell others your decisions, this is called 'incapacity'. The leaflet **Caring and consent** explains the rights of people who

## কিভাবে আরও বেশি জানা যাবে

- এই প্রচারপত্রের যেকোন বিষয় সম্বন্ধে আরও বেশি জানতে হলে যোগাযোগ করুনঃ
  - আপনার পরিচর্যায় থাকা NHS এর একজন কর্মী সদস্যের সঙ্গে
  - দ্য NHS ইনফর্ম হেল্পলাইনের সঙ্গে **0800 22 44 88** নম্বরে (টেক্সট ফোন 18001 0800 22 44 88; হেল্পলাইন থেকে দোভাষী পরিষেবাও প্রদান করা হয়), অথবা
  - আপনার স্থানীয় নাগরিক পরামর্শ ব্যুরোর পেশেন্ট অ্যাডভাইস এন্ড সাপোর্ট সার্ভিস (PASS)এর সঙ্গে (আপনার কাছের ব্যুরোটি খুঁজুন ওয়েবসাইটে **www.cas.org.uk** –তে অথবা আপনার স্থানীয় ফোন বুক এ) PASS হলো স্বতন্ত্র এবং স্কটল্যান্ডে NHS ব্যবহার করা যেকোন ব্যক্তিকে বিনামূল্যে গোপনীয় সূচনা, পরামর্শ এবং সহায়তা প্রদান করে।

- আইন কিভাবে শিশু এবং প্রাপ্তঃবয়স্কদের প্রভাবিত করে এবিষয়ে আরও বেশি তথ্যের জন্য যোগাযোগ করুনঃ

  **স্কটল্যান্ডীয় শিশু আইন কেন্দ্র (স্কটিশ চাইল্ড ল সেন্টার)**

  54 East Crosscauseway

  Edinburgh EH8 9HD

  ইনফর্মেশন হেল্পলাইন **0131 667 6333**

  18 বৎসরের নীচের লোকদের জন্য ফ্রিফোন নম্বর **0800 328 8970**

  বিনামূল্যে টেক্সট ইনক্যুয়ারি পরিষেবা: আপনার প্রশ্নের পরে 'SCLC' লিখে **80800** তে পাঠান (উত্তর আপনার মোবাইলে পাঠানো হবে)

  ইমেইল **enquiries@sclc.org.uk**

  ওয়েবসাইট **www.sclc.org.uk**

- আপনি যদি নিজের সিদ্ধান্ত নিজে নিতে না পারেন বা অন্যদের আপনার

can't consent to medical treatment and the rights of their carers. See page above for where to get a copy. For general information about the Adults with Incapacity (Scotland) Act, contact:

**The Office of the Public Guardian (Scotland)**

Hadrian House

Callendar Business Park

Callendar Road

Falkirk FK1 1XR

Phone **01324 678 300**

Email **opg@scotcourts.gov.uk**

Website www.publicguardian-scotland.gov.uk

- For more information about the rights of people with a mental illness, learning disability, dementia or related conditions, contact the **Mental Welfare Commission for Scotland**. They can also give you information and advice on people's rights under the Adults with Incapacity Act.

Mental Welfare Commission for Scotland

Thistle House

91 Haymarket Terrace

Edinburgh EH12 5HE

Phone **0131 313 8777**

Freephone number for service users and carers **0800 389 6809**

Email **enquiries@mwcscot.org.uk**

Website www.mwcscot.org.uk

- For information about advocacy and to find a local

সিদ্ধান্ত বলতে না পারেন, একে বলা হয় 'অক্ষমতা'। **পরিচর্যা এবং সম্মতি** প্রচারপত্রটিতে শারীরিক চিকিৎসার জন্য সম্মতি দিতে পারেন না এমন ব্যক্তিদের অধিকার এবং তাদের পরিচর্যাকারীদের অধিকার সম্বন্ধে ব্যাখ্যা করা আছে। এর প্রতিলিপি কোথায় পাওয়া যাবে এর জন্য উপরে পাতা দেখুন। অক্ষমতা থাকা প্রাপ্তঃবয়স্কদের (স্কটল্যান্ডীয়) আইন সম্বন্ধে সাধারণ তথ্যের জন্য যোগাযোগ করুনঃ

**দ্য অফিস অফ দ্য পাবলিক গার্জিয়ান (স্কটল্যান্ড)**

হ্যাড্রিয়ান হাউজ (Hadrian House)

ক্যালেন্ডার বিজনেস পার্ক (Callendar Business Park)

ক্যালেন্ডার রোড (Callendar Road)

ফালকির্ক FK1 1XR (Falkirk FK1 1XR )

ফোন **01324 678 300**

ইমেইল **opg@scotcourts.gov.uk**

ওয়েবসাইট www.publicguardian-scotland.gov.uk

- মানসিক অসুস্থতা, শেখার সমস্যা, উন্মাদনা বা এ সম্পর্কীয় অবস্থা থাকা লোকজনদের অধিকার সম্বন্ধে আরও বেশি তথ্যের জন্য যোগাযোগ করুন **মেন্টাল ওয়েলফেয়ার কমিশন ফর স্কটল্যান্ড**-এর সঙ্গে। তারা আপনাকে অক্ষমতা থাকা প্রাপ্তঃবয়স্কদের আইন এর অধীনে লোকজনদের অধিকার সম্বন্ধে সূচনা এবং পরামর্শও দিতে পারেন।

মেন্টাল ওয়েলফেয়ার কমিশন ফর স্কটল্যান্ড (Mental Welfare Commission for Scotland)

Thistle House

91 Haymarket Terrace

Edinburgh EH12 5HE

ফোন **0131 313 8777**

পরিষেবা ব্যবহারকারী এবং পরিচর্যাকারীদের জন্য ফ্রিফোন নম্বর **0800 389 6809**

advocacy group, contact:

**Scottish Independent Advocacy Alliance**

Phone **0131 260 5380**

Email **enquiry@siaa.org.uk**

Website **www.siaa.org.uk**

- **The Scottish Government Health Directorates** have produced a series of guides for people with a mental disorder and their carers. These include a guide on giving consent to treatment. If you would like copies of any of these guides, contact:

  Mental Health Law Team

  Mental Health Division

  Scottish Government Health Directorates

  St Andrew's House

  Regent Road

  Edinburgh EH1 3DG

  Phone **0131 244 2591**

  Email **mentalhealthlaw@scotland.gsi.gov.uk**

  Website www.scotland.gov.uk **(**search for 'Information and Topic Guides').

## Information about health rights

- **The Charter of Patient Rights and Responsibilities** tells you what you can expect from the NHS and what the NHS expects from you.
- The series of **Your health, your rights factsheets** explain what the rights and responsibilities included in the

ইমেইল **enquiries@mwcscot.org.uk**

ওয়েবসাইট www.mwcscot.org.uk

- এ্যডভোক্যাসি বা ওকালতি এবং স্থানীয় এ্যডভোক্যাসি দল খোঁজা সম্বন্ধীয় তথ্যের জন্য যোগাযোগ করুনঃ

  **স্কটিশ ইন্ডিপেন্ডেন্ট অ্যাডভোক্যাসি অ্যালায়েন্স (Scottish Independent Advocacy Alliance)**

  ফোন **0131 260 5380**

  ইমেইল **enquiry@siaa.org.uk**

  ওয়েবসাইট **www.siaa.org.uk**

- **স্কটিশ সরকার স্বাস্থ্য নির্দেশালয়** মানসিক রোগ থাকা ব্যক্তি এবং তাদের পরিচর্যাকারীদের জন্য নির্দেশিকার একটি শৃঙ্খলা প্রকাশ করেছেন। এগুলির মধ্যে চিকিৎসার জন্য সম্মতি দেওয়া সম্পর্কীয় একটি নির্দেশিকাও রয়েছে। আপনি যদি এই নির্দেশিকাগুলির কোনটির প্রতিলিপি পেতে চান, তাহলে যোগাযোগ করুনঃ

  Mental Health Law Team

  Mental Health Division

  Scottish Government Health Directorates

  St Andrew's House

  Regent Road

  Edinburgh EH1 3DG

  ফোন **0131 244 2591**

  ইমেইল **mentalhealthlaw@scotland.gsi.gov.uk**

  ওয়েবসাইট www.scotland.gov.uk ( সূচনা এবং বিষয় নির্দেশিকা' খুঁজুন).

Charter mean for you:

- **Access**: your rights when using NHS services in Scotland.
- **Hospital waiting times**: how quickly you should receive hospital care.
- **Communication and participation**: the right to be informed, and involved in decisions, about health care and services.
- **Confidentiality**: the right for your personal health information to be kept secure and confidential.
- **Respect**: the right to be treated with dignity and respect.
- **Safety**: the right to safe and effective care.
- **Feedback and complaints**: the right to have a say about your care and have any concerns and complaints dealt with.

- **How to see your health records** explains your right to see or have a copy of your health record.
- **Health care for overseas visitors** is a set of factsheets explaining what NHS services overseas visitors can expect to receive while they are in Scotland.

## Information for young people

- **Consent – your rights** explains how you should be involved in decisions about your health care and treatment.
- **Confidentiality – your rights** tells you how the health service keeps information about you private.
- **Have your say! Your right to be heard** tells you how to give feedback or make a complaint about the NHS.

## স্বাস্থ্যের অধিকার সম্পর্কীয় তথ্য

- **রোগীদের অধিকার এবং দায়িত্বসমূহের সনদ** লিখা আছে আপনি NHS থেকে কি প্রত্যাশা করতে পারেন এবং আপনার কাছ থেকে NHS কি প্রত্যাশা করতে পারে সেটি।

- **আপনার স্বাস্থ্য, আপনার অধিকারের তথ্যপত্রগুলির** শৃঙ্খলা ব্যাখ্যা করে যে চার্টারে অন্তর্ভুক্ত অধিকার এবং দায়িত্বগুলি আপনার জন্য কি বোঝায়ঃ
  - **অ্যাক্সেস:** স্কটল্যান্ডে NHS স্বাস্থ্য পরিষেবা ব্যবহার করার সময়ে আপনার
  - **হাসপাতালে অপেক্ষার সময়:** আপনার কত দ্রুত হাসপাতালে সেবা পাওয়া উচিত
  - **যোগাযোগ এবং অংশগ্রহণ:** অবহিত থাকা এবং স্বাস্থ্য সেবা ও পরিষেবাগুলির সম্মন্ধে সিদ্ধান্তগুলিতে অংশ নেওয়ার অধিকার
  - **গোপনীয়তা:** আপনার ব্যক্তিগত স্বাস্থ্য সম্পর্কীয় তথ্য সুরক্ষিত এবং গোপনীয় রাখার অধিকার।
  - **সম্মান:** মর্যাদা এবং সম্মানপূর্ণ ব্যবহার পাওয়ার অধিকার।
  - **নিরাপত্তা:** নিরাপদ কার্যকরী সেবার অধিকার।
  - **প্রতিক্রিয়া এবং অভিযোগ:** আপনার পরিচর্যা সম্পর্কে কিছু বলা এবং কোন উদ্বেগ বা অভিযোগের নিষ্পত্তির ব্যাপারে মতামত প্রকাশের অধিকার।

- **কিভাবে আপনার স্বাস্থ্য সম্পর্কে তথ্যের রেকর্ড দেখবেন এই অংশে** ব্যাখ্যা করে বলা হয়েছে আপনার স্বাস্থ্য রেকর্ড দেখা এবং এর একটি প্রতিলিপি পাওয়ার অধিকরের বিষয়টি।

- **বিদেশী পর্যটকদের জন্য স্বাস্থ্য পরিচর্যা** হলো তথ্যপত্রের এমন একটি অংশ যাতে ব্যাখ্যা থাকে যে NHS পরিষেবার বিদেশী পর্যটকরা স্কটল্যান্ডে থাকার সময় তারা কি ধরণের পরিষেবা পাওয়ার প্রত্যাশা করতে পারেন।

| | |
|---|---|
| **Information for carers**<br>• **Caring and consent** explains your right to be involved in decisions about the health care of the adult you care for. | **অল্পবয়স্ক ব্যক্তিদের জন্য তথ্য**<br>• **সম্মতি – আপনার অধিকার অংশটি** ব্যাখ্যা করে কিভাবে আপনার স্বাস্থ্য পরিচর্যা এবং চিকিৎসা সম্পর্কে সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে আপনি জড়িত হবেন।<br>• **গোপনীয়তা – আপনার অধিকার অংশটি** আপনাকে জানায় কিভাবে স্বাস্থ্য পরিষেবা আপনার সম্পর্কে তথ্যগুলি গোপনীয় রাখে।<br>• **নিজের মত প্রকাশ করা! আপনার জানানোর অধিকার** অংশটিআপনাকে বলে যে কিভাবে NHS সম্বন্ধে প্রতিক্রিয়া দিতে হবে বা একটি অভিযোগ করতে হবে।<br><br>**পরিচর্যাকারীদের জন্য তথ্য**<br>**পরিচর্যা এবং সম্মতি** অংশটিব্যাখ্যা করে আপনার পরিচর্যায় থাকা অল্পবয়স্ক ব্যক্তিটির স্বাস্থ্য পরিচর্যা সম্বন্ধে সিদ্ধান্ত নেওয়ার বিষয়ে জড়িত হওয়ার ক্ষেত্রে আপনার অধিকারগুলি কি। |
| We have tried our best to make sure that this information is correct. However, the information is for guidance only so you should not rely on it as a full statement of the law. If you are thinking about taking legal action, you should contact a solicitor, a citizens' advice bureau, the Patient Advice and Support Service or other advice agency. | আমরা যতদূর সম্ভব চেষ্টা করেছি যাতে সঠিক তথ্য প্রদান করা যায়। তবে, এই তথ্যগুলি শুধুমাত্র পথনির্দেশের জন্য সুতরাং আপনি আইনের সম্পূর্ণ বিবৃতি হিসাবে এগুলির ওপর নির্ভর করবেন না। আপনি যদি আইনি পদক্ষেপ নেওয়ার কথা বিবেচনা করেন, তাহলে আপনাকে একজন উকিল, নাগরিক পরামর্শ ব্যুরো, রোগী পরামর্শ এবং সহায়তা পরিষেবা বা অন্য কোন পরামর্শ সংস্থার সঙ্গে যোগাযোগ করা উচিত। |
| Produced by NHS inform.<br><br>To get this leaflet in another language or format phone your local NHS board. If you need help to do this contact the NHS inform Helpline on 0800 22 44 88 (textphone 18001 0800 22 44 88; the helpline also provides an interpreting service). | NHS ইনফর্ম কর্তৃক প্রকাশিত।<br><br>এই প্রচারপত্রটি অন্য ভাষায় বা ফরম্যাটে পাওয়ার জন্য আপনার স্থানীয় NHS বোর্ডে ফোন করুন। এর জন্য আপনার যদি সাহায্যের প্রয়োজন হয় তাহলে NHS ইনফর্ম হেল্পলাইনে 0800 22 44 88 নম্বরে যোগাযোগ করুন (টেক্সট ফোন 18001 0800 22 44 88; এছাড়া হেল্পলাইন থেকে দোভাষী পরিষেবাও প্রদান করা হয়। |

সংস্করণ 4 - ফেব্রুয়ারী 2013 তে প্রকাশিত – সংশোধনের তারিখ ফেব্রুয়ারী 2016